

💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ শয়ন ও নিদ্রার আদব রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

রাত্রে খারাপ স্বপ্ন দেখে জেগে উঠলে

রাত্রে খারাপ স্বপ্ন দেখে জেগে উঠলে বাম দিকে তিনবার থুথু মারুন, শয়তানের অনিষ্ট থেকে আল্লাহর নিকট পানাহ চান, যে দুঃস্বপ্ন দেখেন, সেই মন্দ ও ক্ষতি থেকেও রক্ষা প্রার্থনা করুন এবং পার্শ্ব পরিবর্তন করে শয়ন করুন। ভয়ে ঘুম না এলে উঠে নামায পড়তে শুরু করুন।[1]

খারাপ স্বপ্নের কথা কাউকে বলবেন না। অবশ্য সুস্বপ্ন হলে আত্মীয়-বন্ধুকে বলতে পারেন।[2]

ফুটনোট

- [1]. বুখারী তাওহীদ পাবঃ হা/ ৭০৪৪, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২২৬১-২২৬৩
- [2]. মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২২৬১

• Source — https://www.hadithbd.com/books/link/?id=8078

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন